অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/18/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো গার্হ্যস্থ সহিংসতার এবং হেট ক্রাইমের ক্ষতিগ্রস্তদের জন্য সহায়তার সম্প্রসারণের কথা ঘোষণা করেছেন

নির্দীষ্ট কিছু অপরাধের সময় শারীরিক আঘাত না পাওয়া ব্যক্তিবর্গ এখন গার্হ্যস্থ সহিংসতা বাসস্থান খরচ এবং অপরাধের স্থানে পড়ে থাকা শারীরিক বর্জ্য পরিষ্করণের খরচ পরিশোধের জন্য আবেদন করার যোগ্য

ক্ষতিগ্রস্তদের পরিষেবা প্রদানের জন্য স্টেট অফিস (Office of Victim Services, OVS) করপ্রদানকারীদের থেকে কিছু না নিয়ে যোগ্য ক্ষতিগ্রস্তদের অপরাধ-সংক্রান্ত খরচ বহন করতে সহায়তা করবে

গভর্নর এম. কুওমো, হেট ক্রাইম এবং গার্হ্যস্থ সহিংসতার সাথে প্রায়শই যুক্ত থাকা অন্যান্য নির্দীষ্ট কয়েকটি অপরাধের ক্ষতিগ্রস্ত যারা অপরাধের সময় শারীরিক আঘাত পাননি, তাদের সহায়তা সম্প্রসারণের আইন এখন কার্যকর হওয়ার কথা আজ ঘোষণা করেছেন। গত গ্রীষ্মে গভর্নরের দ্বারা স্বাক্ষরিত এবং আজ থেকে কার্যকর, নতুন আইনটি, নিউ ইয়র্ক স্টেট অফিস অফ ভিকটিম সার্ভিসেসের থেকে গার্হ্যস্থ সহিংসতা বাসস্থান খরচ এবং অপরাধের স্থানে পড়ে থাকা শারীরিক বর্জ্য পরিষ্করণের খরচ পরিশোধের জন্য আবেদন করার অনুমতি দেয়।

"নীরিহ ক্ষতিগ্রস্তদের আরও নিরাপত্তা প্রদানের দ্বারা, আমরা এই পাশবিক ঘটনাগুলি ভোগ করা ও কষ্ট পাওয়া ব্যক্তিবর্গ যাতে এই অবস্থা থেকে বেরিয়ে আসার জন্য প্রয়োজনীয় সহায়তা পায় তা নিশ্চিত করছি", **গভর্নর কুওমো বলেন।** "অপরাধের জন্য ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ প্রদানকারী স্টেটগুলির মধ্যে অন্যতম প্রথম স্টেট হওয়ার জন্য নিউ ইয়র্ক গর্বিত, এবং এই আইনের সম্প্রসারণ এই ব্যক্তিবর্গকে এবং তাদের পরিবারবর্গ, যাদের সর্বাধিকার হওয়া উচিত এই অবস্থা থেকে মুক্তি লাভ করা, তাদের বিরুদ্ধে ঘটা অপরাধের আর্থিক বোঝা বয়ে বেড়ানো নয়, তাদের সাহায্য করার জন্য স্টেটের অঙ্গীকারকেই পুনঃনিশ্চিত করে।"

"আমার মা গার্হ্যস্থ সহিংসতার ক্ষতিগ্রস্তদের সাহায্য করার জন্য তার জীবন নিবেদিত করেছিলেন, এবং জনগণের সেবার সময় তার সেই কাজ আমাকে অনুপ্রাণিত করেছে", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "এই নতুন আইন অপরাধের জন্য ক্ষতিগ্রস্তদের তাদের সেই অবস্থা থেকে বেড়িয়ে আসার জন্য প্রয়োজনীয় সংস্থানগুলিতে তাদের অ্যাক্সেস নিশ্চিত করবে। নিউ ইয়র্ক সর্বাধিক দূর্বলদের সুরক্ষিত রাখতে পথ দেখাচ্ছে এবং আমাদের সমাজকে শক্তিশালী করে তুলছে।"

আগে, ওপরাধের সময় শারীরিক আঘাত না পাওয়া ক্ষতিগ্রস্তরা শুধুমাত্র নির্দীষ্ট কিছু অফিস অফ ভিকটিম সার্ভিসেস (OVS) সুবিধাগুলি পাওয়া যোগ্য হতেন যদি চার্জগুলি অপরাধমূলক শ্বাসরোধ বা রক্ত সঞ্চালন; নির্দীষ্ট কিছু ভয়প্রদর্শন, নির্যাতন, ক্রমাগত নির্যাতন, অপরাধমূলক অবমাননা এবং দোষারোপ; এবং হেট

ক্রাইমগুলিকে অন্তর্ভূক্ত করত। এই ব্যক্তিবর্গ একটি বিভিন্ন ধরণের অপরাধ-সংক্রান্ত খরচের জন্য এজেন্সি থেকে ক্ষতিপূরণ চাওয়ার যোগ্য, যেমন কাউন্সেলিং এবং যাতায়াত খরচ সংক্রান্ত বিল, কিন্তু অপরাধের স্থানে পড়ে থাকা শারীরিক বর্জ্য পরিষ্করণের খরচ এবং বাসস্থানের খরচ অন্তর্ভূক্ত ছিল না। আজ থেকে শুরু করে OVS এর কাছে দায়ের করা এই ধরণের দাবিগুলি এখন এর আওতায় পড়বে। ভয় প্রদর্শনকারী, অপরাধমূলক অবমাননা এবং ডাকাতির কিছু শারীরিক আঘাত না পাওয়া ক্ষতিগ্রস্তদের অন্তর্ভূক্ত করা হয়েছে যেহেতু তারা উপার্জন হারানোর জন্য রিইমবার্সমেন্ট এবং কাউন্সেলিংয়ের খরচ পাওয়ার যোগ্য।

অফিস অব ভিকটিম সার্ভিসেস এর পরিচালক এলিজাবেথ ক্রোনিন বলেন, "OVS অপরাধের জন্য ক্ষতিগ্রস্ত সমস্ত নীরিহ ব্যক্তিবর্গকে সাহায্য করার জন্য অঙ্গীকারবদ্ধ, এবং সেটি তাদেরও অন্তর্ভূক্ত করে যাদের কোনো শারীরিক আঘাত লাগেনি। একটি অপরাধের মানসিক প্রভাব একজন ব্যক্তির কাছে একই রকম ক্ষতিকর হতে পারে। এই সুবিধাগুলির সম্প্রসারণের মাধ্যমে, গার্হ্যস্থ সহিংসতা এবং হেট ক্রাইমের জন্য ক্ষতিগ্রস্ত ব্যক্তিবর্গ তাদের সেই অবস্থা থেকে স্বাভাবিক অবস্থায় ফিরে আসার জন্য প্রয়োজনীয় সহায়তা ও সমর্থনে অ্যাক্সেস পাবে। সমগ্র স্টেটে অপরাধের জন্য ক্ষতিগ্রস্ত ব্যক্তিবর্গকে আরও সাহায্য করার প্রচেষ্টায় এই আইনের সংযোজনের গুরুত্ব উপলব্ধি করার জন্য আমরা গভর্নরকে ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলি সংখ্যাগরিষ্ঠ নেতা ক্রিস্টাল পিপলস-স্টোকস বলেন, "এখন গার্হ্যস্থ সহিংসতা ও হেট ক্রাইমের জঘন্য কাজের কারণে ক্ষতিগ্রস্ত ও তা থেকে পরিত্রান পাওয়া ব্যক্তিবর্গ যাদের কোনো শারীরিক আঘাত লাগেনি, তারা তাদের জীবন, আবাস, এবং পরিবারবর্গকে সুরক্ষিত ও নিরাপদ রাখার জন্য অতি আকাঙ্খিত সহায়তা পাওয়ার যোগ্যতা লাভ করবে। আমি নিউ ইয়র্ক স্টেটের সমস্ত ক্ষতিগ্রস্ত এবং পরিত্রান পাওয়া ব্যক্তিবর্গকে ন্যায্য অধিকার এবং প্রয়োজনীয় সহায়তা প্রদান করার জন্য গভর্নর কুওমো এবং অফিস অফ ভিকটিম সার্ভিসেসের অঙ্গীকারকে সাধুবাদ জানাই।"

সিনেটর প্যাট্রিক গ্যালিভান বলেছেন, "গার্হ্যস্থ সহিংসতা, হেট ক্রাইম এবং অন্য সহিংস কাজগুলির জন্য ক্ষতিগ্রস্ত ব্যক্তিবর্গের সেই অবস্থা থেকে স্বাভাবিক অবস্থায় ফিরে আসার চলতে থাকা প্রচেষ্টায় সহায়তা প্রয়োজন। অফিস অফ ভিকটিম সার্ভিসেসের মাধ্যমে এই কর্মসূচির সম্প্রসারণ দ্বারা, আমরা নিশ্চিত করতে পারি যে অপরাধমূলক কাজের জন্য আরও নিরীহ ক্ষতিগ্রস্ত ব্যক্তিবর্গের কাছে আতঙ্কের থেকে বেরিয়ে আসার প্রয়োজনীয় সংস্থানগুলি আছে। নিরাপত্তার জালের সম্প্রসারণ সমগ্র স্টেটের আবাসিকদের সাহয্য করবে।"

স্টেটের আইনের পরিবর্তনের পরম্পরায় এবং অপরাধের ঘটনায় ক্ষতিগ্রস্ত ব্যক্তিবর্গকে সহায়তা ও পরিষেবা প্রদান করার জন্য যোগ্যতা সম্প্রসারণ এবং অ্যাক্সেস উন্নত করতে গভর্নর কুওমোর নেতৃত্বে আর্থিক বিনিয়োগ বৃদ্ধিতে এই আইনটি সাম্প্রতিকতম সংযোজন। অন্যান্য উল্লেখযোগ্য পরিবর্তনগুলির মধ্যে অন্তর্ভূক্ত, অপরাধের ঘটনায় ক্ষতিগ্রস্তদের নাগরিক আইনি সহায়তায় অ্যাক্সেস সম্প্রসারণ করতে অফিস অফ ভিকটিম সার্ভিসেস দ্বারা পরিচালিত প্রায় 16 মিলিয়ন ডলারের ফেডারেল ফান্ডিং; অবমাননা, অবহেলা বা আর্থিক শোষণের ঝুঁকিতে থাকা দূর্বল প্রাপ্তবয়স্কদের জন্য পরিষেবা উন্নত ও সম্প্রসারণের জন্য 8.4 মিলিয়ন ডলার স্টেট ও ফেডারেল ফান্ডিং; এবং বাচ্চাদের যাতে তাদের বাড়ির নিকটে এই পরিষেবাগুলিতে অ্যাক্সেস থাকে তা নিশ্চিত করতে বাচ্চাদের দেখাশুনা করার কেন্দ্র এবং ফান্ড মোবাইল কেন্দ্রের সম্প্রসারণে 4.5 মিলিয়ন ডলার।

উপরন্তু, দূর্বল বয়জ্যোষ্ঠ বা প্রতিবন্ধী ব্যক্তিবর্গ যারা নিজেদের ভার বহন করতে অক্ষম এবং যারা একটি অপরাধের ঘটনার কারণে 30,000 ডলার সেভিংস হারিয়েছেন, তারাও OVS সহায়তা পাওয়ার যোগ্য। পরিবর্তনটি স্বীকার করে যে অনেক দূর্বল বয়জ্যোষ্ঠ বা প্রতিবন্ধী ব্যক্তিবর্গ প্রায়শই তাদের পরিচিত কারোর

দ্বারা আর্থিক শোষণ, সেইসাথে অবমাননার শিকার হন। আগে, এজেন্সি শুধুমাত্র সহায়তা বা উপার্জন হারানোর এই ব্যপ্তি পর্যন্ত ক্ষতিগ্রস্তদের পরিশোধ করতে পারত। স্টেটের আইন অনুযায়ী দুর্বল বয়জ্যোষ্ঠদের জন্য বয়সের আবশ্যিকতা অন্তত 60 বছর নির্ধারিত হয়েছে।

সেইসাথে, ফিউনেরাল হোম বিজনেস যা একটি পরিবারের হয়ে মৃতদেহ সমাহিত করার খরচ পরিশোধ করে তারা তারপর অফিস অফ ভিকটিম সার্ভিসেসের থেকে ওই খরচগুলি পুনরুদ্ধার করার যোগ্যতা লাভ করবে। এই সংযোজনের আগে, শুধুমাত্র একজন ব্যক্তি যিনি মৃতদেহ সমাহিত করার খরচ পরিশোধ করেছেন - একটি পরিবার বা ব্যক্তি যাদের মৃতদেহ সমাহিত করার একটি বন্দোবস্ত আছে - পরিশোধের জন্য যোগ্য ছিলেন। এই পরিবর্তনটি এটি স্বীকার করে আইনটির আধুনিকিকরণ করে যে এখন মৃতদেহ সমাহিত করার স্থানগুলি বেশিরভাগই ব্যক্তিগত মালিকানার পরিবর্তে বোরর্ড দ্বারা চালিত বড় বড় ব্যবসার সাথে সংযুক্ত। অফিস অফ ভিকটিম সার্ভিসেস মৃতদেহ সমাহিত করার জন্য 6,000 ডলার পর্যন্ত প্রদান করতে পারে।

আইনের এই পরিবর্তনগুলি কার্যকর করার জন্য করদাতাদের কিছু প্রদান করতে হবে না। অপরাধের জন্য ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের ক্ষতিপূরণ ও অর্থ পরিশোধ সেইসাথে অফিস অফ ভিকটিম সার্ভিসেসের দৈনন্দিন পরিচালন ব্যয়, সম্পূর্ণরূপে জরিমানা, আবশ্যিক সারচার্জ এবং অপরাধের শিকারের সহায়তার ফী যা কিছু সংখ্যক আইনভঙ্গকারীদের নিউ ইয়র্ক স্টেট বা যুক্তরাষ্ট্রীয় আদালতগুলিতে অপরাধী সাব্যস্ত হওয়ার পর প্রদান করতে হয়, তার থেকে আসে।

অফিস অফ ভিকটিম সার্ভিসেস সম্পর্কে

OVS অপরাধের কারণে ক্ষতিগ্রস্তদের এবং/অথবা তাদের পরিবারের সদস্যদের যারা তাদের নিজের কোনো দোষ ছাড়াই অপরাধের শিকার হয়েছেন এবং যাদের সাহায্য করার আর কেউ নেই, তাদের জন্য একটি নিরাপত্তা বলয় প্রদান করে। যোগ্য ব্যক্তিবর্গ ও পরিবারের সদস্যদের চিকিৎসা ও কাউন্সেলিংয়ের খরচ, অন্ত্যেষ্টিক্রিয়া ও মৃতদেহ সমাহিত করার খরচ, মজুরি এবং সহায়তা হারানো, এবং অপরিহার্য ব্যক্তিগত সম্পত্তি হারানো বা নষ্ট হয়ে যাওয়ার জন্য, সেইসাথে অন্যান্য সহায়তার জন্য এজেন্সি ক্ষতিপূরণ দেয় এবং অর্থ পরিশোধ করে।

সেইসাথে, অফিস অফ ভিকটিম সার্ভিসেস বর্তমানে 222টি এমন ক্ষতিগ্রস্ত সহায়তা কর্মসূচিতে অর্থের যোগান দেয় যা সমগ্র নিউ ইয়র্ক সিটিতে কাউন্সেলিং, সংকট হস্তক্ষেপ, রক্ষণাবেক্ষন এবং আইনি সহায়তার মত প্রত্যক্ষ পরিষেবা প্রদান করে। যোগ্যতার গাইডলাইন সহ এজেন্সি দ্বারা প্রস্তাবিত পরিষেবাগুলি সম্পর্কে আরও তথ্যের জন্য, www.ovs.ny.gov দেখুন বা 1-800-247-8035 নম্বরে ফোন করুন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন